অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর

ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩
ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং

তারিখ: ৩১/০৩/২০২২

বিজ্ঞপ্তি নং-৭০

২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উপবৃত্তি প্রদানের জন্য ইতোমধ্যে আবেদন গ্রহণ করা হয়েছে। আবেদনপত্র যাচাই-বাছাইকালে দেখা যায় যে, অধিকাংশ শিক্ষার্থী যথাযথ তথ্য প্রদান করেনি। যার ফলে উপবৃত্তির কার্যক্রম সম্পন্ন করা যাচ্ছে না। এমতাবস্থায় যারা উপবৃত্তির জন্য আবেদন করেছে তাদের আগামী ০২/০৪/২০২২ খ্রি. ও ০৩/০৪/২০২২ খ্রি. তারিখে দুপুর ১২:৩০ মিনিটে মূল ভবনের ৩০৭ নং কক্ষে উপস্থিত থেকে উপবৃত্তির আবেদন ফরম সংশোধন করে যথাযথ তথ্য প্রদানের জন্য নির্দেশ দেওয়া হলো। অন্যথায় উপবৃত্তি সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য যে, আবেদন ফরম সংশোধনের জন্য এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি (অনলাইন কপি গ্রহণযোগ্য নয়)। শিক্ষার্থীদের পিতা অথবা মাতার ব্যাংক হিসাব ও মোবাইল ব্যাংকিং এর সঠিক তথ্য প্রদান করতে হবে। পিতা ও মাতা যার নামে মোবাইল ব্যাংকিং একাউন্ট রয়েছে তার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

৩১/০৩/২০২২

প্রফেসর অসিত বরণ দাশ
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি:

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। আহ্বায়ক উপবৃত্তি কমিটি, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েবসাইট: www.chandpurcollege.edu.bd
৫। অফিস নথি।